(একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত পত্র)

**বাংলাদেশ নির্বাচন কমিশন**

নির্বাচন কমিশন সচিবালয়

পরিকল্পনা, উন্নয়ন ও গবেষণা অধিশাখা

নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা

www.ecs.gov.bd

স্মারক নম্বর: ১৭.০০.০০০০.০২২.১৪.০০১.২৩-৬৩

তারিখ: ১৫ কার্তিক ১৪৩০
৩১ অক্টোবর ২০২৩

# আগ্রহ ব্যক্তকরণ পত্র আহ্বান বিজ্ঞপ্তি

"নির্বাচনী ডাটাবেজের জন্য উপজেলা/থানা, জেলা ও আঞ্চলিক সার্ভার স্টেশন নির্মাণ এবং জেলা সার্ভার স্টেশন ভবন উর্ধ্বমুখী সম্প্রসারণ" শীর্ষক প্রকল্পের আওতায় আঞ্চলিক পর্যায়ে ১টি আঞ্চলিক নির্বাচন অফিস, জেলা পর্যায়ে ৩টি জেলা নির্বাচন অফিস, উপজেলা পর্যায়ে ৪৪টি উপজেলা নির্বাচন অফিস এবং থানা পর্যায়ে ১৮টি নির্বাচন ভবন নির্মাণের লক্ষ্যে প্রকল্পের সম্ভাব্যতা যাচাইয়ের জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের নিমিত্ত আগ্রহ ব্যক্তকরণ পত্র আহ্বান করা হচ্ছে।

| বিভাগ/অঞ্চল | জেলা | উপজেলা | সিটি কর্পোরেশন/পৌরসভা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১টি অঞ্চল | ৩টি জেলা | ৪৪টি উপজেলা নির্বাচন অফিস | ১৮টি থানা |

১। পরামর্শক প্রতিষ্ঠানকে নির্ধারিত Terms of Reference (TOR) অনুযায়ী প্রকল্প প্রণয়ন সংক্রান্ত সমীক্ষার কাজ করতে হবে এবং www.ecs.gov.bd এই ওয়েবসাইটে TOR পাওয়া যাবে;

২। প্রকল্প প্রণয়ন সংক্রান্ত সমীক্ষার কাজে পরামর্শক নিয়োগে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুসরণ করতে হবে;

৩। প্রকল্প প্রণয়ন সংক্রান্ত সম্ভাব্যতা সমীক্ষার কাজে চুক্তি সম্পাদনের পরবর্তী ২ (দুই) মাস সময়ে সম্পন্ন করতে হবে;

৪। পরামর্শক প্রতিষ্ঠানের আওতায় সমীক্ষায় নিয়োজিতব্য পরামর্শক দলের সদস্যদের বুদ্ধিবৃত্তিক, শারীরিক ও মানসিকভাবে এ কাজ সম্পাদনের উপযুক্ত হতে হবে;

৫। প্রকল্প প্রণয়ন সংক্রান্ত সমীক্ষার কাজের জন্য আগ্রহী প্রতিষ্ঠানকে আগ্রহ ব্যক্তকরণ পত্রের সাথে (ক) পামর্শক প্রতিষ্ঠানের ইতঃপূর্বে এ সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা; (খ) প্রয়োজনীয় বুদ্ধিবৃত্তিক এবং পেশাগত সেবার পরিসরের বিস্তারিত বর্ণনাসহ সংশ্লিষ্ট কাজের বিবরণ; (গ) বর্ণিত কাজ সম্পাদনের জন্য যোগ্যতা প্রমাণস্বরূপ সম্ভাব্য আবেদনকারীদের অভিজ্ঞতা, সম্পদ, পেশাদার জনবল ও সেবা প্রদানের সামর্থ্য; (ঘ) প্রয়োজনীয় জনবলের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা; (ঙ) TIN সনদ ও হালনাগাদ আয়কর সনদপত্র; (চ) বৈধ ট্রেড লাইসেন্স; (ছ) Bank solvency সার্টিফিকেট ও বাৎসরিক টার্ন-ওভার; (জ) প্রতিষ্ঠানের প্রোফাইলসহ সকল সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে;

৬। আগ্রহ ব্যক্তকরণ পত্র (EOI) বন্ধ খামে ভরে নিম্নলিখিত ঠিকানায় জমা দিতে হবে;

৭। বর্ণিত পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের কার্যক্রমটি Fixed Budget Selection (FBS) পদ্ধতির মাধ্যমে সম্পন্ন করা হবে;

৮। খামের উপর সম্ভাব্যতা সমীক্ষার নাম ও আবেদনকারী পরামর্শক প্রতিষ্ঠানের নাম স্পষ্টভাবে লিখতে হবে। EOI মূল্যায়নের ভিত্তিতে পরামর্শক প্রতিষ্ঠানের শর্ট লিস্ট করা হবে। শর্ট লিস্টেড পরামর্শক প্রতিষ্ঠানের অনুকূলে Request for Proposal (RFP) ইস্যু করা হবে;

৯। EOI এর বিস্তারিত তথ্য www.ecs.gov.bd এই ওয়েবসাইটে পাওয়া যাবে। এ বিষয়ে প্রয়োজনে ০২-৫৫০০৭৪৮৬ টেলিফোন নম্বরে যোগাযোগ করা যাবে;

১০। পরামর্শক প্রতিষ্ঠানকে বন্ধ খামে ভরে প্রয়োজনীয় কাগজপত্রসহ আগ্রহ ব্যক্তকরণ পত্র (EOI) পৃথকভাবে অনুচ্ছেদ-৫ এ বর্ণিত কাগজপত্রসহ ০৭ (সাত) সেট আগ্রহ ব্যক্তকরণ পত্র ডাকযোগে/সরাসরি আগামী ১৬/১১/২০২৩ তারিখ দুপুর ২:০০ ঘটিকার মধ্যে ৬নং ক্রমিকে বর্ণিত সংশ্লিষ্ট কর্মকর্তার বরাবর প্রেরণ করতে হবে; এবং দুপুর ২:৩০ ঘটিকায় উন্মুক্ত করা হবে;

১১। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে প্রয়োজনবোধে সকল কিংবা যে কোন আবেদন বাতিল ঘোষণা করতে পারবে।

০৫/১১/২০২৬


(মুহাম্মদ মোস্তফা হাসান)
উপপ্রধান
পরিকল্পনা, উন্নয়ন ও গবেষণা অধিশাখা
নির্বাচন কমিশন সচিবালয়
কক্ষ নং- ৫০৬ (লেভেল-৫)
ফোন: ০২-৫৫০০৭৫৩২
ই-মেইল: mustafa20479@gmail.ocm

## বাংলাদেশ নির্বাচন কমিশন

নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা
www.ecs.gov.bd

### প্রকল্প প্রণয়নে সম্ভাব্যতা যাচাই (পিএফএস)-এর জন্য ToR প্রণয়ন

১। সম্ভাব্যতা যাচাইয়ের শিরোনাম : **নির্বাচনী ডাটাবেজের জন্য উপজেলা/থানা, জেলা ও আঞ্চলিক সার্ভার স্টেশন নির্মাণ এবং জেলা সার্ভার স্টেশন ভবন উর্ধ্বমুখী সম্প্রসারণ**

২। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : বাংলাদেশ নির্বাচন কমিশন

৩। বাস্তবায়নকারী সংস্থা : নির্বাচন কমিশন সচিবালয়

৪। বাস্তবায়নকাল:

| আরম্ভের তারিখ | সমাপ্তির তারিখ |
|---|---|
| জুলাই ২০২৩ | জুন ২০২৬ |

৫। প্রাক্কলিত ব্যয়: (লক্ষ টাকায়)

| | | | |
|---|---|---|---|
| ১ | মোট | : | |
| ২ | জিওবি | : | |
| ৩ | নিজস্ব অর্থ | : | - |
| ৪ | অন্যান্য | : | - |

৬। প্রকল্প এলাকা :

| বিভাগ/অঞ্চল | জেলা | উপজেলা | সিটি কর্পোরেশন/পৌরসভা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১টি অঞ্চল | ৩টি জেলা | ৪৪টি উপজেলা নির্বাচন অফিস (পরিশিষ্ট-ক) | ১৮টি থানা (পরিশিষ্ট-খ) |

৭। অর্থায়নের ধরন ও উৎস :

(লক্ষ টাকায়)

| ধরন এবং উৎস | জিওবি | প্রকল্প সাহায্য (আরপিএ) | নিজস্ব অর্থায়ন (বৈদেশিক মুদ্রা) | অন্যান্য (উল্লেখ করতে হবে) |
|---|---|---|---|---|
| ১ | ২ | | ৩ | ৪ |
| বিনিয়োগ | | | | |
| ঋণ | | | | |
| অনুদান | | | | |
| ইক্যুইটি | | | | |
| অন্যান্য (উল্লেখ করতে হবে) | | | | |
| মোট | | | | |

৮। সাধারণ বর্ণনা:

৮.১ পটভূমি: তথ্য ও যোগাযোগ প্রযুক্তির অধিকতর ব্যবহারের মাধ্যমে বাংলাদেশ সরকার জনগণকে সার্বিক সেবাপ্রদানের ক্ষেত্রে বিশেষত সুশাসন প্রতিষ্ঠা ও দুর্নীতি বিরোধী কার্যক্রমের ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে। ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সম্প্রসারণ ও ব্যবহার বৃদ্ধির জন্য সরকার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছে। জনগণের আস্থা অর্জনের জন্য সরকার আরও স্বচ্ছতা ও দক্ষতার সাথে দায়িত্ব পালনে সচেষ্ট রয়েছে। যথাযথ নাগরিক সেবা নিশ্চিতকরণ ও গণতান্ত্রিক অগ্রযাত্রা অব্যাহত রাখতে একটি নাগরিক তথ্যভান্ডার, নির্ভুল ভোটার তালিকা, সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষ নির্বাচন অপরিহার্য। ২০০৮ সালে জাতীয় সংসদ নির্বাচনের প্রাক্কালে তৎকালীন নির্বাচন কমিশন কর্তৃক বাংলাদেশ সরকার ও বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থা/দেশের আর্থিক সহায়তায় ছবিসহ ভোটার তালিকা প্রণয়ন ও জাতীয় পরিচয়পত্র প্রদানে সহায়তা প্রদান প্রকল্প বাস্তবায়ন করা হয়। উক্ত প্রকল্পের মাধ্যমে বাংলাদেশে প্রথমবারের মতো ছবিসহ ভোটার তালিকা প্রণয়ন ও নিবন্ধিত ভোটারদেরকে জাতীয় পরিচয়পত্র প্রদান করার পাশাপাশি একটি জাতীয় তথ্য ভান্ডার প্রস্তুত করা হয়। বর্তমানে এ তথ্যভান্ডার তথা ডাটাবেজ নাগরিক সনাক্তকরণে স্বচ্ছ ও নির্ভরযোগ্য তথ্যের উৎস হিসেবে কাজ করেছে। উল্লেখ্য নির্বাচন কমিশন সচিবালয় কর্তৃক বাস্তবায়িত "কনস্ট্রাকশন অব উপজেলা এন্ড রিজিওনাল সার্ভার স্টেশনস ফর ইলেক্টোরাল ডাটাবেজ" এর মাধ্যমে বাংলাদেশের উপজেলা/জেলা/বিভাগীয় পর্যায়ে সার্ভার স্টেশন কাম নির্বাচন অফিস স্থাপন সম্পন্ন হয়েছে। উক্ত প্রকল্প চলাকালীন ভূমি বরাদ্দসংক্রান্ত কিছু জটিলতা থাকায় এবং প্রকল্প শেষে কিছু নতুন উপজেলা গঠিত হওয়ায় উপজেলা/থানা, জেলা এবং আঞ্চলিক পর্যায়ে (আঞ্চলিক নির্বাচন অফিস ১টি, জেলা নির্বাচন অফিস ৩টি, উপজেলা নির্বাচন অফিস ৪৪টি ও থানা নির্বাচন অফিস ১৮টি) নির্বাচন ভবন নির্মাণ করা সম্ভব হয়নি। বর্তমান প্রকল্পটির মাধ্যমে বর্ণিত নির্বাচন ভবনসমূহ নির্মাণ করা হবে। ভবনসমূহ নির্মিত হলে ভোটার তালিকার তথ্যভান্ডার আইনানুগভাবে সুরক্ষা, জাতীয় সংসদ এবং স্থানীয় পর্যায়ের নির্বাচন এবং রাষ্ট্রীয় সম্পদ সংরক্ষণসহ সংশ্লিষ্ট এলাকাসমূহে নির্বাচন কমিশন সচিবালয়ের নাগরিক সেবা প্রদান কার্যক্রম আরও ত্বরান্বিত হবে ও মাঠপর্যায়ের কার্যালয়সমূহের অবকাঠামোগত উন্নয়ন ঘটবে।

৮.২ প্রকল্পের উদ্দেশ্যসমূহ:

- ❑ প্রকল্প সংশ্লিষ্ট এলাকার ছবিসহ ভোটার তালিকা নিয়মিত হালনাগাদকরণ, জাতীয় সংসদ নির্বাচন ও স্থানীয় সরকার নির্বাচনসহ অবকাঠামোগত সুযোগ সৃষ্টি;
- ❑ প্রকল্প সংশ্লিষ্ট এলাকার জনগণকে প্রদানকৃত জাতীয় পরিচয়পত্রসংক্রান্ত সেবাসহ অন্যান্য সেবাকার্যক্রম ত্বরান্বিতকরণের লক্ষ্যে নির্বাচন কমিশনের জন্য পর্যাপ্ত অবকাঠামোগত সুযোগ সৃষ্টি; এবং
- ❑ জাতীয় সংসদ নির্বাচন এবং বিভিন্ন পর্যায়ের স্থানীয় সরকার নির্বাচনে ব্যবহৃত ইভিএম মেশিন ও আনুষজ্ঞিক যন্ত্রপাতিসমূহ এবং বিভিন্ন নির্বাচনি মালামাল সংরক্ষণে অবকাঠামোগত সুযোগ সৃষ্টি।

৮.৩ অধ্যয়নের সংক্ষিপ্ত রূপরেখা এবং সুযোগ:

প্রকল্পের কার্যাবলি:
প্রকল্পের আওতায় বাংলাদেশের আঞ্চলিক পর্যায়ে ১টি, জেলা পর্যায়ে ৩টি জেলা, উপজেলা পর্যায়ে ৪৪টি উপজেলা নির্বাচন অফিস এবং থানা পর্যায়ে ১৮টি নির্বাচন ভবন নির্মাণ/ফ্ল্যাট ক্রয়।

৮.৪ প্রয়োজনীয়তা ও ন্যায্যতা:

ভবনসমূহ নির্মিত হলে সংশ্লিষ্ট এলাকাসমূহে নির্বাচন কমিশন সচিবালয়ের ভোটার তালিকা হালনাগাদ, জাতীয় সংসদ নির্বাচন ও স্থানীয় সরকার নির্বাচনসহ নাগরিক সেবা প্রদান কার্যক্রম আরও ত্বরান্বিত হবে ও মাঠপর্যায়ের কার্যালয়সমূহের অবকাঠামোগত উন্নয়ন ঘটবে।

৮.৫ প্রকল্পের আউটপুট এবং আউটকাম

আউটপুট: প্রকল্পটির আওতায় বাংলাদেশের আঞ্চলিক, জেলা, উপজেলা এবং থানা পর্যায়ে ৬৬টি ভবন নির্মাণ করা হবে।

আউটকাম: ছবিসহ ভোটার তালিকা নিয়মিত হালনাগাদকরণের পাশাপাশি জাতীয় সংসদ নির্বাচন ও স্থানীয় সরকার নির্বাচনসহ সংশ্লিষ্ট এলাকার জনগণকে প্রদানকৃত জাতীয় পরিচয়পত্র সংক্রান্ত সেবাসহ অন্যান্য সেবা কার্যক্রম ত্বরান্বিতকরণের লক্ষ্যে নির্বাচন কমিশনের জন্য পর্যাপ্ত অবকাঠামোগত সুযোগ সৃষ্টি হবে।

৯। বাস্তবায়ন পদ্ধতি:
পরামর্শক প্রতিষ্ঠানের দায়িত্ব:

১. প্রকল্পের ১০০% এলাকা সমীক্ষার আওতাভুক্ত হিসেবে বিবেচনা করতে হবে;

২. প্রকল্পের আওতায় ভূমি অধিগ্রহণ সম্পর্কিত মতামত এবং প্রয়োজনে ভূমি অধিগ্রহণের পরিমাণ নির্ধারণ;

৩. প্রকল্পের আওতায় নির্মিতব্য ভবনসমূহের উপযোগিতা বিষয়ে মতামত প্রদান;

৪. নির্মিতব্য ভবনসমূহের এলাকাভিত্তিক (সমতল ভূমি, হাওর, উপকূলীয়, পাহাড়ি ভূমি) soil test এবং ড্রইং ডিজাইন প্রণয়নপূর্বক এর ব্যয় প্রাক্কলন প্রণয়ন;

৫. পরিকল্পনা বিভাগ কর্তৃক জারীকৃত (সংযুক্ত) পরিপত্র অনুযায়ী তথ্য সংগ্রহপূর্বক প্রতিবেদন প্রণয়ন এবং ক্রয়কারী প্রতিষ্ঠান কর্তৃক অনুমোদন গ্রহণ;

৬. একটি কর্মশালা আয়োজনপূর্বক কর্মশালায় প্রাপ্ত মতামত ও সুপারিশসমূহ বিবেচনা করে প্রতিবেদন চূড়ান্তকরণ;

৭. প্রকল্প সমাপ্তির পর এর মাধ্যমে গৃহীত কার্যক্রমসমূহের টেকসইকরণ পরিকল্পনা (Sustainability plan) বিষয়ে সুনির্দিষ্ট পর্যবেক্ষণ ও মতামত প্রদান;

৮. পরামর্শক প্রতিষ্ঠান চুক্তির তারিখ থেকে ২ মাসের মধ্যে সমীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম চূড়ান্ত করবে;

৯. পরামর্শক প্রতিষ্ঠান কমিশন সচিবালয় কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়াবলী প্রতিপালন করবে।

১০। পরামর্শক প্রতিষ্ঠানের প্রকৃতি ও যোগ্যতা:

| ক্র. ন. | পরামর্শক প্রতিষ্ঠানের প্রকৃতি ও যোগ্যতা | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | পরামর্শক প্রতিষ্ঠান | | • গবেষণা, প্রকল্প প্রণয়ন সংক্রান্ত সমীক্ষা পরিচালনায় কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। |
| ২. | (ক) টীম লিডার: | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রি | • প্রকল্প প্রণয়ন ও সমীক্ষা সংক্রান্ত কাজে কমপক্ষে ১০ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>• টীম লিডার হিসেবে কাজ করার জন্য অভিজ্ঞতা থাকতে হবে;<br>• প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় অভিজ্ঞতা থাকতে হবে। |
| | (খ) আর্কিটেক্ট | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আর্কিটেক্ট বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রি | • নির্মাণ সংক্রান্ত ড্রইং ডিজাইন কাজে কমপক্ষে ১০ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |

| | | | |
|---|---|---|---|
| | (গ) পরিবেশবিদ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ভূগোল/Environmental science বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি | • পরিবেশ দুর্যোগ ব্যবস্থাপনা ও গবেষণা সংক্রান্তকাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>• প্রকল্প প্রণয়ন ও সমীক্ষা সংক্রান্ত কাজে অভিজ্ঞতা আবশ্যক। |
| | (ঘ) উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) | ডিপ্লোমা ইন সিভিল ইঞ্জিনিয়ারিং | • নির্মাণ সংক্রান্ত কাজে কমপক্ষে ১০ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| | (ঙ) উপ-সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল) | ইলেকট্রিক্যাল ডিপ্লোমা ইন সিভিল ইঞ্জিনিয়ারিং | • ইলেকট্রিক্যাল সংক্রান্ত কাজে কমপক্ষে ১০ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |

১১। পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নিম্নেবর্ণিত প্রতিবেদনসমূহ দাখিল:

| ক্রমিক | প্রতিবেদনের নাম | দাখিলের সময় | সংখ্যা |
|---|---|---|---|
| ১। | ১ম খসড়া প্রতিবেদন (বাংলায়) | চুক্তি সম্পাদনের ৩০ দিনের মধ্যে | ১৫ কপি টেকনিক্যাল কমিটির সভার জন্য এবং ১৫ কপি স্টিয়ারিং কমিটির সভার জন্য (১৫+১৫) = ৩০ টি |
| ২। | ২য় খসড়া প্রতিবেদন (বাংলায়) | চুক্তি সম্পাদনের ৪৫ দিনের মধ্যে | ৫০ কপি জাতীয় কর্মশালার জন্য |
| ৩। | চূড়ান্ত প্রতিবেদন (বাংলা ও ইংরেজিতে) | চুক্তি সম্পাদনের ৬০ দিনের মধ্যে | (১৫+১৫) = ৩০ টি |

১২। ব্যয়ের প্রধান আইটেম (লক্ষ টাকায়)

| সাব-আইটেম | বিস্তারিত | বিবরণ | জিওবি (বৈ.মু.) | প্রাক্কলিত ব্যয় | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | প্রাক্কলিত ব্যয় (পিএ) | | | | নিজস্ব তহবিল | অন্যান্য | মোট |
| | | | | জিওবি | বিশেষ হিসাব | পিডি | ডিপি | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| (ক) রাজস্ব | | | | | | | | | | |
| উপ-মোট (রাজস্ব) | | | | | | | | | | |
| (খ) মূলধন | | | | | | | | | | |
| উপ-মোট (মূলধন) | | | | | | | | | | |
| মোট (রাজস্ব ও মূলধন) | | | | | | | | | | |

১৩। মেশিনারি/ইকুইপমেন্ট, জনবল ও পরিবহণের মূল্যসহ তালিকা: পরিশিষ্ট-ক

পিএফএস প্রণয়নকারী কর্মকর্তার স্বাক্ষর (তারিখ ও সিলমোহরসহ)

নির্বাহী সংস্থা প্রধানের স্বাক্ষর (তারিখ ও সিলমোহরসহ)

উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের সচিবের স্বাক্ষর
(সিল এবং তারিখসহ)

কাজী আক্তার হোসেন
প্রশাসনিক কর্মকর্তা
নির্বাচন কমিশন সচিবালয়
ঢাকা।

31.10.2023
(মোহাম্মদ মাহবুব আলম)
সিনিয়র সহকারী প্রধান
নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

মুহাম্মদ মোস্তফা হাসান
উপপ্রধান
নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

## বাংলাদেশ নির্বাচন কমিশন

নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা

### আঞ্চলিক নির্বাচন অফিস ভবন নির্মাণসংক্রান্ত তথ্যাদি

| ক্র. ন. | অঞ্চল | সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ঢাকা | ১ | |

### জেলা নির্বাচন অফিস ভবন নির্মাণসংক্রান্ত তথ্যাদি

| ক্র. ন. | জেলা | সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ঢাকা | ১ | |
| ২ | গাজীপুর | ১ | |
| ৩ | মাদারীপুর | ১ | |
| | সর্বমোট = | ৩ | |

কাজী আক্তার হোসেন
প্রশাসনিক কর্মকর্তা
নির্বাচন কমিশন সচিবালয়
ঢাকা।

(মোহাম্মদ মাহবুব আলম)
সিনিয়র সহকারী প্রধান
নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

মুহাম্মদ মোস্তফা হাসান
উপপ্রধান
নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

(পরিশিষ্ট-ক)

# বাংলাদেশ নির্বাচন কমিশন

নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা

## অঞ্চল ও জেলাভিত্তিক উপজেলা নির্বাচন অফিস ভবন নির্মাণসংক্রান্ত তথ্যাদি

| ক্রম | অঞ্চল | ক্রম | জেলা | উপজেলা | সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | ঢাকা | ১. | মুন্সীগঞ্জ | লৌহজং | ১ | |
| | | ২. | গাজীপুর | গাজীপুর সদর | ১ | |
| ২. | ফরিদপুর | ৩. | ফরিদপুর | সালথা | ৩ | |
| | | ৪. | রাজবাড়ী | কালুখালী | | |
| | | ৫. | গোপালগঞ্জ | টুঙ্গীপাড়া | | |
| ৩. | ময়মনসিংহ | ৬. | ময়মনসিংহ | তারাকান্দা | ২ | |
| | | ৭. | টাঙ্গাইল | ধনবাড়ী | | |
| ৪. | রাজশাহী | ৮. | বগুড়া | শাহাজানপুর | ৩ | |
| | | ৯. | নাটোর | নলডাংগা | | |
| | | ১০. | সিরাজগঞ্জ | চৌহালী | | |
| ৫. | রংপুর | ১১. | গাইবান্ধা | ফুলছড়ি | ২ | |
| | | ১২. | দিনাজপুর | বিরল | | |
| ৬. | বরিশাল | ১৩. | বরগুনা | তালতলী | ৩ | |
| | | ১৪. | পটুয়াখালী | রাঙাবালি | | |
| | | ১৫. | পিরোজপুর | ইন্দুরকানী | | |
| ৭. | খুলনা | ১৬. | খুলনা | কয়রা | ২ | |
| | | ১৭. | মেহেরপুর | মুজিবনগর | | |
| ৮. | কুমিল্লা | ১৮. | কুমিল্লা | সদর দক্ষিণ, লালমাই, মেঘনা, তিতাস, মনোহরগঞ্জ | ১৬ | |
| | | ১৯. | ব্রাহ্মণবাড়ীয়া | আশুগঞ্জ, বিজয়নগর | | |
| | | ২০. | চাঁদপুর | হাইমচর, মতলব উত্তর | | |
| | | ২১. | ফেনী | ফুলগাজী | | |
| | | ২২. | লক্ষ্মীপুর | কমলনগর | | |
| | | ২৩. | নোয়াখালী | সেনবাগ, বেগমগঞ্জ, কবিরহাট, সোনাইমুড়ি, সুবর্ণচর | | |
| ৯. | চট্টগ্রাম | ২৪. | চট্টগ্রাম | কর্ণফুলি, সন্দ্বীপ | ৪ | |
| | | ২৫. | কক্সবাজার | পেকুয়া | | |
| | | ২৬. | খাগড়াছড়ি | গুইমারা | | |
| ১০. | সিলেট | ২৭. | সিলেট | ওসমানীনগর, দক্ষিণ সুরমা | ৭ | |
| | | ২৮. | হবিগঞ্জ | শায়েস্তাগঞ্জ | | |
| | | ২৯. | মৌলভীবাজার | জুড়ি | | |
| | | ৩০. | সুনামগঞ্জ | শান্তিগঞ্জ, দিরাই, মধ্যনগর | | |
| | | | | সর্বমোট = | ৪৪ | |

বি.দ্র.

১. উপজেলা নির্বাচন অফিস, সদর, মাদারীপুর পুরাতন উপজেলা পরিষদ ভবনের নিচ তলায় খুবই জরাজীর্ন ২টি কক্ষে অবস্থিত।
২. উপজেলা নির্বাচন অফিস, সদর, গাজীপুর ভাড়া অফিসে অবস্থিত।
৩. ঢাকা আঞ্চলিক ও ঢাকা জেলা নির্বাচন অফিস নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউটে অবস্থিত।

(মোহাম্মদ মাহবুব আলম)
সিনিয়র সহকারী প্রধান

(পরিশিষ্ট-খ)

# বাংলাদেশ নির্বাচন কমিশন

নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা

## ঢাকা, চট্টগ্রাম ও গাজীপুর সিটি কর্পোরেশনভুক্ত এলাকায় থানা নির্বাচন অফিসের জন্য স্পেস ক্রয়সংক্রান্ত তথ্যাদি

| ক্র. ন. | আঞ্চল | সিটি কর্পোরেশন | থানা | সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | ঢাকা | ঢাকা | উত্তরা | ৭ | |
| | | | কোতয়ালী | | |
| | | | লালবাগ | | |
| | | | সূত্রাপুর | | |
| | | | সবুজবাগ | | |
| | | | রমনা | | |
| | | | মতিঝিল | | |
| ২. | ঢাকা | গাজীপুর | টঙ্গী | ১ | |
| ৩. | চট্টগ্রাম | চট্টগ্রাম | পাঁচলাইশ | ৬ | |
| | | | চান্দগাঁও | | |
| | | | পাহাড়তলি | | |
| | | | চট্টগ্রাম পোর্ট | | |
| | | | ডবলমুড়িং | | |
| | | | কোতয়ালী | | |
| ৪. | খুলনা | খুলনা | সদর | ২ | খুলনা আঞ্চলিক নির্বাচন অফিস ভবনে অবস্থিত |
| | | | সোনাডাংগা | | |
| ৫. | রাজশাহী | রাজশাহী | বোয়ালিয়া | ২ | রাজশাহী আঞ্চলিক নির্বাচন অফিস ভবনে অবস্থিত |
| | | | রাজপাড়া | | |
| | | | সর্বমোট = | ১৮ | |

কাজী আক্তার হোসেন
প্রশাসনিক কর্মকর্তা
নির্বাচন কমিশন সচিবালয়
ঢাকা।

(মোহাম্মদ মাহবুব আলম)
সিনিয়র সহকারী প্রধান
নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

মুহাম্মদ মোস্তফা হাসান
উপপ্রধান
নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।